জীবননগরে সংসদ সদস্য রুহুল আমিনের গণসংবর্ধনা ও ইফতার মাহফিল

জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নবাসীর উদ্যোগে গণসংবর্ধনা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে রায়পুর হাইস্কুল মাঠে এ কর্মসূচির আয়োজন করা হয়। এলাকাবাসীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মাঠজুড়ে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জামায়াতে ইসলামী রায়পুর ইউনিয়ন শাখার সভাপতি আমির হামজা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য রুহুল আমিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা নায়েবে আমির আজিজুর রহমান, জেলা তালিমুল বিভাগের সভাপতি মহিউদ্দিন, জেলা তারবিয়াতি সেক্রেটারি মো. জিয়াউর রহমান, জীবননগর উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী সাখাওয়াত হোসেন, ভাইস-চেয়ারম্যান প্রার্থী হাফিজুর রহমান ও মো. সাজেদুর রহমানসহ স্থানীয় নেতৃবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য রুহুল আমিন রায়পুর ইউনিয়নবাসীকে ধন্যবাদ জানান। এ সময় ইউনিয়নবাসীর পক্ষ থেকে বিভিন্ন রাস্তাঘাটসহ উন্নয়নমূলক দাবি তুলে ধরা হলে তিনি মনোযোগ দিয়ে তা শোনেন এবং বাস্তবায়নের আশ্বাস দেন।

তিনি বলেন, সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে তিনি বৈঠক করেছেন। পূর্বে কাজের ক্ষেত্রে কমিশন নেওয়ার অভিযোগ ছিল উল্লেখ করে তিনি জানান, নিজের কোনো কমিশনের প্রয়োজন নেই; সততার সঙ্গে উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের আহ্বান জানান তিনি। জনগণের প্রাপ্য যেন সঠিকভাবে পৌঁছে যায় সে বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন।

তিনি আরও বলেন, জনকল্যাণমূলক কাজে কোনো বাধা সহ্য করা হবে না। শিক্ষা, চিকিৎসা, কর্মসংস্থান ও মাদক প্রতিরোধসহ বিভিন্ন খাতে সমন্বিতভাবে কাজ করে চুয়াডাঙ্গা জেলাকে নতুনভাবে গড়ে তোলার

আহ্বান জানান তিনি।
অনুষ্ঠান শেষে দেশ ও জাতির কল্যাণ কামনা করে বিশেষ দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

রাজনীতির ভিতর ধর্ম আনতে চায় না, ধর্ম যার যার রাষ্ট্র সবার

কোনো সংখ্যা গুরু বুঝিনা, কোনো সংখ্যা লঘু বুঝিনা, আপনারা আমার ভাই। আমরা সবাই ভাই ভাই। ধর্মীয় সম্প্রীতিতে বিশ্বাস করি, রাজনীতির ভিতর ধর্ম আনতে চায় না। ধর্ম যার যার রাষ্ট্র সবার। চুয়াডাঙ্গার জীবননগরে পূজামন্ডপ পরিদর্শন শেষে বিজিএমইএর সভাপতি মাহমুদ হাসান খান বাবু এসব কথা বলেন।

বৃহস্পতিবার বিকেলে তিনি জীবননগর পৌর এলাকার বেশ কয়েকটি পূজা মন্ডপ পরিদর্শন করেন। বিজিএমই ও জেলা বিএনপি’র সভাপতি মাহমুদ হাসান খান বাবু আরো বলেন জাতি, ধর্ম, বর্ণ, নির্বিশেষে আমাদের একটাই পরিচয় আমরা বাংলাদেশের মানুষ।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর পৌর বিএনপি’র সভাপতি শাহজাহান কবির, সিনিয়র সহ-সভাপতি তাজুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক নাসির উদ্দিন ঠান্ডু, বিএনপি নেতা আব্দুল হামিদসহ দলীয় নেতাকর্মীর। এছাড়াও পূজামন্ডপ কমিটির সদস্য ও সনাতন ধর্মাবলম্বীর মানুষরা উপস্থিত ছিলেন।

জীবননগরে দুই মাদকসেবীর ৩

মাসের কারাদণ্ড

জীবননগরে দুই মাদকসেবীকে তিন মাস করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রামমাণ আদালত। আজ সোমবার (১৩ নভেম্বর) সকাল ১০টার দিকে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে এই কারাদণ্ড দেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাসিনা মমতাজ।

এর আগে মাদকসেবন অবস্থায় জীবননগর শাপলাকলি পাড়ার রমজান আলীর ছেলে রিফাত ও উপজেলায় কর্চাডাঙ্গার গ্রামের আখের আলীর স্ত্রী মোছা. ফিরোজাকে গ্রেপ্তার করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, আজ সোমবার সকাল সাড়ে ৯টার দিকে জীবননগর থানা মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে মাদকসেবন অবস্থায় রিফাত ও মোছা. ফিরোজাকে আটক করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা।

এসময় তাঁদের কাছ থেকে ৩শ গ্রাম গাঁজা ও ৩০ পিস ইয়াবা জব্দ করা হয়। পরে জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাসিনা মমতাজকে খবর দেওয়া হলে তিনি ঘটনাস্থলে যান।

পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে দুজনকে তিন মাস করে বিনাশ্রম কারাদণ্ড দেন তিনি। এসময় জব্দ মাদক জনসম্মুখে ধ্বংস করা হয়। আর দুজনকে কারাগারে পাঠানো হয়।

জীবননগরে মুক্তিযুদ্ধে শহীদের স্মৃতিচারণ

চুয়াডাঙ্গার জীবননগরের ধোপাখালীতে প্রথমবারের মতো ১৯৭১ সালের ৭ আগস্ট মহান মুক্তিযুদ্ধে শহীদ বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতিচারণ করা হয়েছে।

রোববার সকালে উপজেলা প্রশাসন জীবননগর মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে

শহীদের স্বরণে এই স্মৃতিচারণ অনুষ্ঠানের আয়োজন করে। এর আগে ধোপাখালীতে মহান মুক্তিযুদ্ধে শহীদ বীর মুক্তিযোদ্ধাদের কবরে শ্রদ্ধাঞ্জলী জানানো হয়।

স্মৃতিচারণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের প্রশাসক মো. আরিফুল ইসলাম। প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান।

বিশেষ অতিথির বক্তব্য দেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান আবু মো. আব্দুল লতিফ অমল, সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী প্রমুখ।

জীবননগরে মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে র্যালী ও আলোচনা

নিরাপদ মাছে ভরবো দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ এ স্লোগানে জীবননগরে শুরু হয়েছে জাতীয় মৎস্য সপ্তাহ। মৎস্য সপ্তাহ উপলক্ষে জীবননগরে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

রোববার সকালে মৎস্য সপ্তাহের এ কর্মসূচি পালন করা হয় মৎস্য সপ্তাহ উপলক্ষে গতকাল রোববার সকালে জীবননগর উপজেলা পরিষদ চত্বর থেকেএকটি র্যালী বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

পরে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জীবননগর উপজেলার সিনিয়র মৎস্য কমকতা মোঃ দীন ইসলামের সভাপতিত্বে র্যালী ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা। এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী প্রমুখ।

[redacted]

[redacted]